



### সরবরাহকারী তালিকাভুক্তিকরন/নবায়ন

#### আবেদনের শর্তাবলী :

১। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নিজস্ব প্যাডে “রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়” বরাবর শ্রেণীভিত্তিক নতুন তালিকাভুক্তির/নবায়নের জন্য আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক্রঃ নং	বিবরণ	ক্রঃ নং	বিবরণ
ক।	সরবরাহকারী ও প্রতিনিধির পাসপোর্ট সাইজের সদ্য তোলা ৩ (তিন) কপি সত্যায়িত ছবি	ঙ।	হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি
খ।	জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি	চ।	হালনাগাদ ভ্যাট নিবন্ধন সনদের সত্যায়িত কপি
গ।	প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র	ছ।	হালনাগাদ ব্যাংক সলভেন্সি সনদপত্র
ঘ।	হালনাগাদ/সর্বশেষ আয়কর প্রদানের সনদের সত্যায়িত কপি	জ।	পূরণকৃত তালিকাভুক্তি/নবায়ন ফরম

২। আবেদন ফরম টাকা ৫০০.০০ (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংকড্রাফট/নগদ বিনিময়ে অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস প্রকিউরমেন্ট শাখা হতে সংগ্রহ করা যাবে।

৩। PPR-২০০৮ বিধি ৫২ (৩) (ঙ) মোতাবেক আগ্রহী প্রতিষ্ঠান সমূহকে তালিকাভুক্তির জন্য টাকা ৫,০০০/০০ (টাকা পাঁচ হাজার মাত্র) “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়” এর অনুকূলে অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। তবে তালিকাভুক্তির জন্য অগ্রহণযোগ্য প্রতিষ্ঠানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরৎ প্রদান করা হবে।

৪। ২০২১-২০২২ আর্থিক বছরের জন্য বিশ্ববিদ্যালয়ে তালিকাভুক্ত সরবরাহকারীদেরকে তালিকা নবায়নের জন্য টাকা ২,০০০/০০ (টাকা দুই হাজার মাত্র) অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং নতুনভাবে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

৫। বিজ্ঞপ্তিতে বর্ণিত প্রতিটি ক্যাটাগরির জন্য পৃথক পৃথকভাবে শ্রেণীভিত্তিক তালিকাভুক্তির আবেদন করতে হবে এবং সকল ক্ষেত্রেই ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, তালিকাভুক্তির জন্য অগ্রহণযোগ্য প্রতিষ্ঠানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরৎ প্রদান করা হবে।

৬। আবেদনকারীদের অযোগ্যতার কারণসমূহঃ

ক। যে সমস্ত প্রতিষ্ঠান/সরবরাহকারী, যে কোন সরকারী প্রতিষ্ঠান/সংস্থা হতে সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি হিসেবে ইতিপূর্বে বহিষ্কৃত অথবা যাদের আবেদন ইতিপূর্বে প্রত্যাখান হয়েছে।

খ। যে সমস্ত প্রতিষ্ঠান/সরবরাহকারী, যে কোন সরকারী প্রতিষ্ঠান/সংস্থা হতে সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি হিসেবে ইতিপূর্বে কোনো তালিকাভুক্ত করা হয়েছে।

গ। অন্য প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে বা আত্মীয় স্বজনদের নামে আবেদন বা ব্যবস্যা পরিচালনা করতে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ।

৭। আগামী ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র রেজিস্ট্রার দপ্তরে পৌছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিএসএমআরএএইউ কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ/প্রত্যাখ্যানের অধিকার সংরক্ষণ করেন।

রেজিস্ট্রার  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান  
অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়